

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৭১.১০৮.২৩ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে "Supply of necessary items for roof waterproofing of Chlorine house, administration and residential building in BPS" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে "Supply of necessary items for roof waterproofing of Chlorine house, administration and residential building in BPS" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৭/৮/২৩ ৫:৪৪ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগার নির্মাণকালে বিভিন্ন দালানের ছাদ পানিরোধী করার জন্য আরসিসি স্কেলের উপর ৬০ মিমি পুরু ব্রিক চিপস লেয়ার, ২০ মিমি পুরু ১:৩ সিমেন্ট মর্টার এবং ৩ মিমি পুরু SBS (Styrene-Butadiene-Styrene) Rubber Polymer Waterproofing Membrane ব্যবহার করা হয় (ক্রমিক নং-০১ দ্রষ্টব্য)। উপরের এই পানিরোধী স্তরের মাধ্যমে ছাদের পানি নিষ্কাশনের স্লোপ তৈরি করায় মূল ছাদে স্লোপ রাখা হয়নি। সম্প্রতি প্লাস্টারের বিভিন্ন ভবনের অভ্যন্তরে ছাদ থেকে টুইয়ে পানি প্রবেশের ঘটনা অনুসন্ধান দেখা যায় যে, ভবনের ভিত্তির Uneven Settlement এর কারণে সিমেন্ট মর্টার লেয়ারে ফাটল ধরে এবং অত্যধিক তাপে মেমব্রেনের টেম্পার নষ্ট হয়ে ভেতরে পানি প্রবেশ করে ফলে ব্রিক চিপস লেয়ার পানি শোষণ করে ফাটল বৃদ্ধি পেয়েছে (ক্রমিক নং-০২ দ্রষ্টব্য)। এভাবে প্রতিনিয়ত বৃষ্টির পানি প্রবেশের ফলে দালানসমূহের দেওয়াল ও ছাদের স্থায়ীত্ব এবং ভবনের অভ্যন্তরের বহুমূল্যবান যন্ত্রপাতির নিরাপত্তা হুমকির সম্মুখীন। এমতাবস্থায়, ছাদের পানিরোধী ব্যবস্থা হিসেবে লাগসই ও টেকসই ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এরূপ কাজে অভিজ্ঞ বেশ কয়েকটি প্রতিষ্ঠানের মাধ্যমে সরেজমিনে স্যাম্পল করানো হয়। তন্মধ্যে সর্বাধিক মানসম্পন্ন স্যাম্পল এবং কোটেশন গৃহীত হয় (ক্রমিক নং-০৩ দ্রষ্টব্য)। গৃহীত পদ্ধতিতে বিদ্যমান পানিরোধী স্তর ভেঙ্গে অপসারণ করে ছাদ হতে বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য গড়ে ৩৮ মিমি পুরুত্বের প্যাটেন্ট স্টোন ঢালাই করে তার উপরে কয়েক ধাপে ওয়্যারমেশসহ কেমিক্যাল কোটিং করতে হবে (ক্রমিক নং-০৪ দ্রষ্টব্য)। উল্লেখ্য, পর্যায়ক্রমে ভবনসমূহের ছাদে পানিরোধী ব্যবস্থা নির্মাণের অংশ হিসেবে কাজটি সম্পাদনের উদ্দেশ্যে ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক ক্রয় পরিকল্পনায় "Supply of necessary items for roof waterproofing of Chlorine house, administration and residential building in BPS" নামে কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

সংযুক্তিসমূহ (১০):

- ১। Existing Roof Waterproofing.pdf
- ২। Damage Report.pdf
- ৩। Chemical Coating Report.pdf.pdf
- ৪। Baral Chemical Work Methodology.pdf
- ৫। BPS Chlorine house, office building & residential Roof As-built Drawing.pdf
- ৬। Calculation sheet.pdf
- ৭। 7.1 HLP & Sub-Station Waterproofing Approved Note.pdf
- ৮। 7.2 Approved Rate.pdf.pdf
- ৯। 8. Official Estimate.pdf
- ১০। 9. APP Copy 2023-24.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৭/৮/২৩ ৫:৪৪ অপরাহ্ন

এই পর্যায়ে BPS এর Chlorine house, administration and residential বিভিন্নয়ের ছাদের বিদ্যমান নষ্ট পানিরোধী স্তর অপসারণ, বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য প্যাটেন্ট স্টোন ঢালাই এবং নতুন তাপ ও পানিরোধী স্তর নির্মাণের প্রয়োজনীয় মালামাল সংগ্রহ ও স্থাপন করা প্রয়োজন। কাজটি বাস্তবায়নের নিমিত্তে BPS এর Chlorine house, administration and residential বিভিন্নয়ের আজ-বিল্ট নত্যা ও সরেজমিন পরিমাপের আলোকে একটি ক্যালকুলেশন শিট প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-০৫ ও ০৬ দ্রষ্টব্য)। প্রাপ্ত পরিমাপের ভিত্তিতে অনুমোদিত দর ও পিডরিউডি রোট শিডিউল-২০২২ (সংশোধিত) অনুসরণে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (ক্রমিক নং-০৭ ও ০৮ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৮.২৪,৯৯,৮৯৬.৬০০ (টাকা চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত ছিয়ানব্বই দশমিক ছয় শূন্য শূন্য মাত্র)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের Residential Building Maintenance খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৯০, প্যাকেজ নং-APP/23-24/G/54) নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-০৯ দ্রষ্টব্য)।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৭/৮/২৩ ৫:৪৫ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার-এর BPS এর Chlorine house, administration and residential বিভিন্নয়ের ছাদের বিদ্যমান নষ্ট পানিরোধী স্তর অপসারণ, বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য প্যাটেন্ট স্টোন ঢালাই এবং নতুন তাপ ও পানিরোধী স্তর নির্মাণের প্রয়োজনীয় মালামাল সংগ্রহ ও স্থাপনের নিমিত্তে "Supply of necessary items for roof waterproofing of Chlorine house, administration and residential building in BPS" কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

- ১) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।
- ২) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ৮.২৪,৯৯,৮৯৬.৬০০ (টাকা চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত ছিয়ানব্বই দশমিক ছয় শূন্য শূন্য মাত্র) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

৩) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগারের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের Residential Building Maintenance খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৯০, প্যাকেজ নং- APP/23-24/G/54) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

			
১৭/৮/২৩ ৫:৪৮ অপরাহ্ন মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২২/৮/২৩ ৮:০৩ অপরাহ্ন মাহমুদ রিয়াদ সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২৫/৮/২৩ ৫:৪৮ পূর্বাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২৫/৮/২৩ ৫:৪৮ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/৮/২৩ ১০:৩১ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

	
২৫/৮/২৩ ১০:৩৩ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৫/৮/২৩ ১০:৩৩ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)


অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৬/৮/২৩ ৩:৩৩ অপরাহ্ন

অনুমোদিত

	
২৬/৮/২৩ ৩:৩৩ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৬/৮/২৩ ৩:৩৩ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৭/৮/২৩ ৪:০৩ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহ্বানের ব্যবস্থা করুন। দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তি করুন।

		
২৭/৮/২৩ ৪:০৩ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	৯/৯/২৩ ৮:৪০ অপরাহ্ন মাহমুদ রিয়াদ সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	৯/৯/২৩ ৮:৪০ অপরাহ্ন মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার